গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
টেলিকম শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.ptd.gov.bd

জরুরি

**স্মারক নম্বর:** ১৪.০০.০০০০.০১০.১৮.০০৫.১৯.১৮২৭

তারিখ: ৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **প্রাকৃতিক দুর্যোগে দুর্যোগকবলিত এলাকায় নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, টানা বর্ষণ ও উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢলে ফেনীর ফুলগাজী ও পরশুরাম উপজেলায় সিলোনীয়া, মুহরী এবং কহুয়া নদীর ১১টি ভাঙা বাঁধ দিয়ে ভিতরে পানি প্রবেশ করে এলাকার নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। এ ধরনের প্রাকৃতিক দুর্যোগের যথাযথ প্রস্তুতি, দুর্যোগকালীন সময়ে জীবন এবং সম্পদ রক্ষা এবং দুর্যোগ পরবর্তী অবকাঠামো পুনর্গঠন, উদ্ধার তৎপরতা, ত্রাণ ও সহায়তা প্রদান ইত্যাদি কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করতে নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা অপরিহার্য।

০২। এমতাবস্থায়, ফেনী জেলার পরশুরাম ও ফুলগাজী উপজেলাসহ দেশের বন্যা উপদ্রুত সকল জেলা/অঞ্চলে নিরবচ্ছিন্ন টেলিযোগাযোগ সেবা নিশ্চিতকরণের জন্য সংশ্লিষ্ট টেলিকম অপারেটর ও বিটিসিএল কর্তৃক নিজস্ব নেটওয়ার্ক ব্যবস্থা সচল রাখার পাশাপাশি দুর্যোগকবলিত এলাকায় বিদ্যুৎ বিচ্ছিন্ন হলে পাওয়ার ব্যাকআপ (ব্যাটারি-ব্যাকআপ, ডিজেল জেনারেটর, পোর্টেবল জেনারেটর ইত্যাদি)- এর ব্যবস্থা গ্রহণসহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এছাড়া প্রয়োজনে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর মাধ্যমে টেলিযোগাযোগ ও ইন্টারনেট সেবা চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-০৮-২০২৪
মোহাম্মদ রফিকুল ইসলাম
উপসচিব
০২২২৩৩৫৪৪৪৮
telecom1@ptd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন;
২। চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা, চেয়ারম্যান ও প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড;
৩। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ম্যানেজিং ডিরেক্টর এর দপ্তর, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড (বিটিসিএল);
৪। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) এবং
৫। ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, টেলিটক বাংলাদেশ লিমিটেড।

**স্মারক নম্বর:** ১৪.০০.০০০০.০১০.১৮.০০৫.১৯.১৮২৭/১ (২)

তারিখ: ৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ
২২ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং
২। সচিবের একান্ত সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।